



রপ্তানি উন্নয়ন ব্যুরো

EXPORT PROMOTION BUREAU



নং- ২৬.০২.০০০০.৫৮.০৩৮. ৪১৩.১৮.১২৯২

তারিখঃ ১২ জুলাই, ২০১৮

বিষয় : আগামী অক্টোবর ২৫-২৮, ২০১৮ সময়ে চীনের গুয়াংডং এ অনুষ্ঠিতব্য “2008 Guangdong 21st Century Maritime Silk Road International Expo” শীর্ষক মেলায় অংশগ্রহণ।

রপ্তানি উন্নয়ন ব্যুরো আগামী অক্টোবর ২৫-২৮, ২০১৮ সময়ে চীনের গুয়াংডং এ অনুষ্ঠিতব্য “2008 Guangdong 21st Century Maritime Silk Road International Expo” শীর্ষক মেলায় অংশগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করেছে। চার দিন ব্যাপি অনুষ্ঠিতব্য আলোচ্য মেলার প্রথম দুই দিন Sourcing মেলা হিসেবে (যেখানে চীনের বিভিন্ন প্রতিষ্ঠান হতে আগত Potential Buyers গণ তাদের পণ্যের সোর্সিং সংগ্রহের জন্য অংশগ্রহণ করবে) এবং অবশিষ্ট দুইদিন Consumer মেলাটি হিসেবে (অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ খুচরা বিক্রি করতে পারবে) হিসেবে অনুষ্ঠিত হবে।

০২। মেলায় ইপিবি ২৫টি প্রতিষ্ঠান নিয়ে অংশগ্রহণ করবে যার মধ্যে দুইটি বুথ পর্যটন শিল্পের বিকাশের কাজে নিযুক্ত প্রতিষ্ঠান/সংস্থা এবং বৈদেশিক বিনিয়োগ আকর্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানের মাঝে ফ্রি বরাদ্দ প্রদান করা হবে। এ ছাড়া দুইটি বুথের দায়িত্বপ্রাপ্ত ০৪ জন প্রতিনিধির থাকার এবং অভ্যন্তরীণ যাতায়াতের ব্যবস্থা আয়োজক প্রতিষ্ঠান কর্তৃক নির্বাহ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

০৩। দেশের পর্যটন শিল্পের উন্নয়নে বিদেশী বিনিয়োগ আকৃষ্টকরণ এবং বিদেশে পর্যটকদের নিকট বাংলাদেশকে যথাযথভাবে উপস্থাপনসহ সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে বিভিন্ন সেক্টর ডিজিটিক বিনিয়োগ আকৃষ্টকরণের জন্য বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বেপজা, বেজা, বাংলাদেশ পর্যটন করপোরেশন এবং বাংলাদেশ ট্যুরজিম বোর্ড কর্তৃক এককভাবে উক্ত মেলায় অংশগ্রহণ করা যেতে পারে।

০৪। এমতাবস্থায়, অক্টোবর ২৫-২৮, ২০১৮ সময়ে চীনের গুয়াংডং এ অনুষ্ঠিতব্য “2008 Guangdong 21st Century Maritime Silk Road International Expo” শীর্ষক মেলায় আপনার প্রতিষ্ঠান/সংস্থা অংশগ্রহণে আগ্রহী হলে আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে এ বিষয়ে ব্যুরোকে অবহিত করার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ জানানো হ'ল।

(আবু মোখলেছ আলমগীর হোসেন)

উপ-পরিচালক (মেলা)

টেলিফোন-৮৮-০২-৮১৮০০৮৮

ই-মেইল- amahepb75@gmail.com

নির্বাহী চেয়ারম্যান

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

ই-৬/বি, আগারগাঁও, শেরে বাংলানগর

ঢাকা-১২০৭।

অনুলিপি (জ্ঞাতার্থে) :

- ০১। স্টাফ অফিসার টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। সহকারী প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (নোটিশটি ব্যুরোর ওয়েব সাইটে সংযোজন করার জন্য অনুরোধ জানানো হলো)।
- ০৩। পি এ টু মহাপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।